

মতালেক খবর

বুধবার, ৯ জানুয়ারি ২০১৩, ২৬ পৌষ ১৪১৯, ২৬ সফর ১৪৩৪

অমিয়া মতিনের স্বরলিপি



বিনোদন রিপোর্ট:

বাজারে এসেছে অমিয়া মতিনের নবম একক অ্যালবাম স্বরলিপি। সুরকার ও সংগীত পরিচালক বাসুর সুর ও সংগীতে অ্যালবামে গান রয়েছে ১০টি। ভিন্ন স্বাদের শাস্ত্র ধারার গান নিয়ে সাজানো হয়েছে এই অ্যালবামটি। সুর ও সংগীত পরিচালনা করার পাশাপাশি অ্যালবামের তিনটি গানও লিখেছেন বাসু। গানগুলো হচ্ছে স্বরলিপি, চুপি চুপি, কেন এত সুখ, স্বপ্ন বুনেছি, কাগজেরই ফুল ও অন্যান্য। এছাড়াও তুমি যা দিয়েছ শিরোনামের গানটিতে অমিয়ার সঙ্গে দ্বৈত কণ্ঠ দিয়েছেন বাসু। এ সম্পর্কে বাসু বলেন, ‘অমিয়া অনেক যত্ন করে গানগুলো কণ্ঠে বসিয়েছেন এবং আমি আমার সাধ্যমতো চেষ্টা করেছি গানগুলো শ্রুতিমধুর

করে তুলতে। আশা করি শ্রোতাদের ভালো লাগবে। অ্যালবামটি প্রকাশ করেছে অডিও প্রযোজনা প্রতিষ্ঠান লেজার ভিশন।